দৈনিক ইত্তেফাক

তারিখ ... 01 MAY 1998 ...
পৃষ্ঠা ১ কলাম ৬

53

# ক্যাম্পাসে সন্ত্রাসীদের নূতন তালিকা তৈরী হইতেছে ॥ অতীতের তালিকা বেখবর

আনোয়ার আলদীন ॥ ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ক্যাম্পাসের সন্ত্রাসীদের নামের তালিকা প্রণয়নের উদ্যোগ নিতেছেন। ছাত্রলীগ ও ছাত্রদল পরস্পরের সন্ত্রাসীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের দাবীর প্রেক্ষিতে ভিসি প্রফেসর আজাদ চৌধুরী এই উদ্যোগ নিয়াছেন। ভিসি ছাত্রলীগ ও ছাত্রদলকে পরস্পরের সন্ত্রাসীদের তালিকা জমা দেওয়ার আহবান জানাইয়াছেন। ১৯৯৬ সালের অক্টোবর মাসে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ছাত্রলীগ ও

(১৫শ পৃষ্ঠায় ৬-এর কঃ দ্রঃ)

## বেখবর

(প্রথম পৃঃ পর)

ছাত্রদল কর্তৃক প্রদত্ত প্রতিপক্ষের সন্ত্রাসীদের নামের একটি তালিকা পুলিশ প্রশাসনের নিকট হস্তান্তর করিলেও দীর্ঘ দুই বছরেও এই সন্ত্রাসীদের বিরুদ্ধে পুলিশ কোন ব্যবস্থা গ্রহণ করে নাই। ১৯৯৬ সালের ১৭ এবং ২৩শে আগষ্ট ছাত্রদলের নিয়ন্ত্রণ হইতে ছাত্রলীগ যথাক্রমে এফ রহমান হল ও মুহসীন হল দখল করার পরে ক্যাম্পাসে উদ্ভূত পরিস্থিতিতে ভারপ্রাপ্ত ভিসি অধ্যাপক শহিদ উদ্দিন আহমদের উদ্যোগে সকল সংগঠনের সমঝোতা বৈঠক হয়। ঐ বৈঠকের সিদ্ধান্তক্রমে ছাত্রলীগ ছাত্রদলের এবং ছাত্রদল ছাত্রলীগের সন্ত্রাসীদের একটি তালিকা ভিসি'র নিকট হস্তান্তর করে। পরবর্তীতে ১৯৯৬ সালের ৩০শে সেপ্টেম্বর প্রফেসর আজাদ চৌধুরী ভিসি হিসাবে দায়িত্ব গ্রহণের পর সন্ত্রাসীদের উক্ত তালিকা তাঁহার নিকট হস্তান্তর করা হয়। প্রায় অর্ধশত সন্ত্রাসীর এই তালিকা ভিসি পুলিশ প্রশাসনের নিকট দিয়া সন্ত্রাসীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের আহবান জানান। কিন্তু পুলিশ তালিকা অনুযায়ী কাহারও বিরুদ্ধে ব্যবস্থা নেয় নাই। উল্লেখিত তালিকাভুক্ত সন্ত্রাসীরাই এখনও ক্যাম্পাসে-হলে অবস্থান করিতেছে।

১৯৯৬ সালের অক্টোবরের পর এই অবধি ক্যাম্পাসে ৪টি খুন হইয়াছে। ছোট-বড় সংঘর্ষ-বন্দুকযুদ্ধ হইয়াছে কয়েকদফা। তালিকাভুক্ত সন্ত্রাসীরাই উক্ত সহিংস ঘটনাসমূহে জড়িত রহিয়াছে এমন কথা পুলিশও স্বীকার করিয়াছে। ভিসি প্রফেসর আজাদ চৌধুরী গতকাল জানান, তিনি নূতন করিয়া সন্ত্রাসীদের তালিকা প্রণয়নের উদ্যোগ নিয়াছেন। এই তালিকা স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে দেওয়া হইবে।